# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 08 April, 2025

গাজায় ইসরায়েলের চালানো গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের প্রতিবাদে মুখে কালো কাপড় বেঁধে বিক্ষোভ মিছিল করেছে রাজাপুর সরকারি কলেজ ছাত্রদল।

সোমবার (৮ এপ্রিল) দুপুরে কলেজের মূল ফটকের সামনে এ বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়।এ সময় ছাত্রদলের নেতা-কর্মীরা মুখে কালো কাপড় বেঁধে 'গাজায় গণহত্যা বন্ধ কর' এবং 'STOP GENOCIDE IN GAZA' শিরোনামের ব্যানার হাতে দাঁড়িয়ে গাজাবাসীর প্রতি সংহতি জানান।ব্যানারে লেখা ছিল: "Our Demonstration in Solidarity with the Palestinian People Against the Israeli Genocide and Crimes Against Humanity in Gaza"।

কর্মসূচিতে রাজাপুর উপজেলা ছত্রদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক সাখাওয়াত হোসেন রাব্বি, সদস্য সচিব মো. রফিক মৃধা, রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক শাহনেওয়াজ তুহিন, যুগ্ম আহ্বায়ক মো. নাঈম, একাদশ শ্রেনীর সভাপতি তাওহীদ, কলেজ ছাত্রদল নেতা রাকিবসহ রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক শাহনেওয়াজ তুহিন বলেন, "ফিলিস্তিনে শিশু, নারী ও নিরীহ মানুষকে নির্বিচারে হত্যা করে ইসরায়েল মানবতার বিরুদ্ধে ভয়ঙ্কর অপরাধ করছে।আমরা এর তীব্র নিন্দা জানাই এবং অবিলম্বে এই গণহত্যা বন্ধের আহ্বান জানাই।'বিশ্ব সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করছি।"

তিনি আরও বলেন, "বাংলাদেশের তরুণ সমাজ সব সময় নির্যাতিত, নিপীড়িত মানুষের পাশে রয়েছে।গাজায় যে বর্বরতা চালানো হচ্ছে, তা বিশ্ব বিবেককে নাড়া দেওয়ার মতো।"

ছাত্রদলের এই শান্তিপূর্ণ প্রতিবাদ কর্মসূচি স্থানীয়ভাবে ব্যাপক সাড়া ফেলে।অংশগ্রহণকারীরা গাজাবাসীর প্রতি একাত্মতা প্রকাশ করেন এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি ইসরায়েলের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

ছবি ক্যাপশন: রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের গাজায় গণহত্যার প্রতিবাদে অবস্থান কর্মসূচি।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:58

URL: https://www.timestodaybd.com/barishal/775807507